

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।

স্মারক নং: স্বাসবি/জন্মনিপ্র/স্টিয়ারিং কমিটি/২/২০১০/৯৮(৩)

তারিখ: ২৫-১০-১৪১৭
৭-২-২০১১

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে জন্ম নিবন্ধন সনদ ব্যবহার প্রসঙ্গে।

অবহিত করা যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর অধ্যায়-৪ এ বর্ণিত ধারা ১৮ এর পাঠ নিম্নরূপ:

অধ্যায়-৪

বিবিধ জন্ম বা মৃত্যু সনদের সাম্য মূল্য

১৮। (১) কোন ব্যক্তির বয়স, জন্ম ও মৃত্যু বৃত্তান্ত প্রমাণের ক্ষেত্রে কোন অফিস বা আদালতে বা স্কুল-কলেজে বা সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে এই আইনের অধীন প্রদত্ত জন্ম বা মৃত্যু সনদ সাম্য হিসাবে বিবেচ্য হইবে।

(২) নিবন্ধন সংক্রান্ত সকল নথিপত্র ও নিবন্ধন বহি The Evidence Act, 1872 (Act I of 1872) এর Public Document (সাধারণ দলিল) যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে Public Document (সাধারণ দলিল) বলিয়া গণ্য হইবে।

(৩) অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত বিষয়াদির ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য এই আইনের অধীন প্রদত্ত জন্ম সনদ ব্যবহার করিতে হইবে, যথা:-

(ক) পাসপোর্ট ইস্যু;

(খ) বিবাহ নিবন্ধন;

(গ) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি;

(ঘ) সরকারী, বেসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিয়োগ দান;

(ঙ) ড্রাইভিং লাইসেন্স ইস্যু;

(চ) ভোটার তালিকা প্রণয়ন;

(ছ) জমি রেজিস্ট্রেশন; এবং

(জ) বিধি দ্বারা নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে।

উপর্যুক্ত ধারার আলোকে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিসহ পাবলিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য বয়স প্রমাণ করতে জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক। শিক্ষা প্রশাসনের কর্মকর্তাগণকে বিষয়টি ইতিপূর্বে যথাযথভাবে অবহিত করা হয়েছে।

বিভিন্ন স্থানের নিবন্ধক পর্যায় হতে এই মর্মে অনুযোগ পাওয়া যায় যে, এস.এস.সি, জে.এস.সি ও পি.এস.সি পরীক্ষার পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জন্ম নিবন্ধন সনদ ছাড়াই শিক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ করান। ফলে অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীগণ জন্ম সনদে বর্ণিত বয়সের স্থলে ভুল বয়স লিপিবদ্ধ করে থাকে। ফলশ্রুতিতে পরীক্ষার ফলাফল প্রকাশের পর জন্ম তারিখ পরিবর্তনের জন্য শিক্ষার্থীদের মধ্যে একটি হিড়িক পড়ে যায়। এই প্রবণতা রাষ্ট্রের একটি শূভ উদ্যোগকে ভুল করে দিতে পারে।

জন্ম তারিখের বিষয়ে রাষ্ট্রীয় স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও বিভিন্ন পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সময় বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদ কার্যকরভাবে ব্যবহার করতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কার্যার্থে:

সচিব, শিক্ষা মন্ত্রণালয় / প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

জ্ঞাতার্থে:

সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)

প্রকল্প পরিচালক (মুখ্য সচিব)

অফিস-৯৫৫৬৬০৬

মোবাইল-০১৭১৬২০৬৫৫৭

ফ্যাক্স-৯৫৫২৩৮১

ইমেইল-saislach@yahoo.com

২০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

[Handwritten signature]
০৮ চৈত্র ১৪১৭
তারিখঃ ২২ মার্চ ২০১১

স্মারক নং-প্রাগম/প্রশা-২/২এ-৯/২০০৫/৩২৫

০৮ চৈত্র ১৪১৭
তারিখঃ ২২ মার্চ ২০১১

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানে জন্ম নিবন্ধন সনদ ব্যবহার প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ-এর স্মারক নং-স্থাসবি/জমনিপ্র/স্টিয়ারিং কমিটি/২/২০১০/৯৮(৩),
তারিখঃ ৭/২/২০১১

সূত্রে উল্লিখিত স্মারকের কপি অত্র সাথে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, সকল প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলকভাবে গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

[Handwritten signature]
২২/৩/২০১১
(জ্যোতির্ময় বর্মণ)

উপ-সচিব (প্রশাসন-২)
ফোন : ৯৫১৪০৯১

বিতরণঃ
কার্যার্থেঃ

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব), জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।